সংবাদ

তারিখ ...07 MAY 2008... পৃষ্ঠা ৫ কলাম ৬

# ফুলবাড়ীর কাশিপুর মহাবিদ্যালয়ে শিক্ষক নিয়োগে আত্মীয়করণের অভিযোগ

**প্রতিনিধি, ফুলবাড়ী (কুড়িগ্রাম)**

কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলার কাশিপুর মহাবিদ্যালয়ে শিক্ষক নিয়োগের নামে দুর্নীতি ও আত্মীয়করণের অভিযোগ পাওয়া গেছে। লোক দেখানো পরীক্ষার মাধ্যমে খোদ অধ্যক্ষের ছেলে, ছেলের বউ এবং আত্মীয়স্বজনকে নিয়োগ দেয়া হয়েছে।

জানা গেছে, গত ৩ মে উপজেলার কাশিপুর মহাবিদ্যালয়ে ৫টি বিষয়ে শিক্ষকনিয়োগের পরীক্ষা হয়। এই পরীক্ষায় ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, অর্থনীতি, ইসলামী শিক্ষা ও কৃষি শিক্ষাসহ মোট ৫টি বিষয়ে ২১ পরীক্ষার্থী অংশগ্রহণ করে। ওইদিন সকাল ৯টায় পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও ডিজির প্রতিনিধি এবং বিষয় সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা অধ্যক্ষের বাড়িতে ভোজ সভায় অংশ নেয়ার কারণে নির্ধারিত সময়ের ৩ ঘণ্টা পরে লিখিত পরীক্ষা শুরু হয়। এ সময় অধ্যক্ষের বাড়িতে প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ করেন অনেকেই।

বড় ছেলে এবং ওই কলেজের কম্পিউটার শিক্ষক এ বি এম জাহাঙ্গীর কবীরের স্ত্রী তাসলিমা বেগমকে ব্যবস্থাপনা বিষয়ে, ছোট ছেলে আ. আলিমকে ইসলামী শিক্ষা বিষয়ে, নিয়োগ বোর্ডের সদস্য আ. করিমের ভাগিনা আহসান হাবীবকে কৃষি শিক্ষা বিষয়ে, নিয়োগ বোর্ডের অন্য সদস্য আ. মমিন সরকারের মামাতো ভাই মিলু রহমানকে অর্থনীতি বিষয়ে এবং নিয়োগ বের্ডের সদস্য বাবলুর রশিদের প্রতিবেশী নির্মল চন্দ্রকে হিসাব বিজ্ঞান বিষয়ে নিয়োগ দেয়া হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তিতে মহিলা প্রার্থীর অগ্রাধিকারের কথা থাকলেও অর্থনীতি বিষয়ে একমাত্র মহিলা প্রার্থীকে বাদ দেয়া হয়েছে।

এ ব্যাপারে ক্ষতিগ্রস্ত প্রার্থীর পরিবারতান্ত্রিক নিয়োগ বাতিলের দাবিতে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ দাখিল করেছে। এদিকে উপজেলা নির্বাহী অফিসার মোখলেছুর রহমানের সঙ্গে কথা